

জন্ম নিবন্ধন-সবার প্রয়োজন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জন্ম ও মৃত্যু নিবন্ধন প্রকল্প
কেন্দ্রীয় পরিবহণ পুল ভবন (কক্ষ নং ৯০৮-৯০৯)
সচিবালয় লিঙ্ক রোড, ঢাকা-১০০০
ওয়েব সাইট: <https://br.lgd.gov.bd>
ইমেইল: onlinebris@lgd.gov.bd

“জন্ম-মৃত্যু নিবন্ধনে থাকলে সচেতন
সহজ হবে সেবা গ্রহণ এবং উন্নয়ন”

স্মারক নং: স্থাসবি/জন্মনিপ্র/প্রপকা/শিঃ মঃ-৩৬/২০১৪-১৮০

তারিখ: ২৩-১-১৪২১
৬-৫-২০১৪

বিষয়: ৫ম শ্রেণীর সমাপনী পরীক্ষায় বয়স পরিবর্তনের হিড়িক প্রসঙ্গে।

জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ অনুসারে শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির সময় বয়স প্রমাণের জন্য জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলক। তারই পরিপ্রেক্ষিতে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় হতে ২২-৩-২০১১ তারিখের স্মারক নং-প্রাগম/প্রশা-২/২এ-৯/২০০৫/৩১৫ মূলে সকল প্রাথমিক বিদ্যালয়ে ভর্তির ক্ষেত্রে জন্ম নিবন্ধন সনদ বাধ্যতামূলকভাবে গ্রহণ করার জন্য নির্দেশ জারী করা হয়েছিল।

জানামতে সারাদেশে প্রায় সকল নাগরিকের জন্ম নিবন্ধন সম্পন্ন হয়েছে এবং সকল প্রাথমিক বিদ্যালয়ই শিশু জন্ম নিবন্ধন সনদ নিয়ে বিদ্যালয়ে ছাত্র-ছাত্রী ভর্তি করে থাকে। অথচ আসন্ন প্রাথমিক সমাপনী পরীক্ষাকে সামনে রেখে পরীক্ষার্থীদের বয়স পরিবর্তনের জন্য একটি হিড়িক লক্ষ্য করা যাচ্ছে। প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণ পরীক্ষার্থীর জন্য তারিখ পরিবর্তন করে নতুন জন্ম নিবন্ধন সনদ প্রদানের জন্য নিবন্ধক কার্যালয়ে প্রেরণ করছে যা সম্পূর্ণ অনৈতিক।

প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকগণকে প্রাথমিক সমাপনী পরীক্ষায় অংশগ্রহণার্থীদের বয়স পরিবর্তনের অনৈতিক প্রবণতা হতে বিরত রাখার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে বিশেষভাবে অনুরোধ করা হলো।

কার্যার্থে:

সচিব,
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

জ্ঞাতার্থে:

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।

(আ.ক.ম.সাইফুল ইসলাম চৌধুরী)
প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব)।

☎ ৯৫৫৬৬০৬

☎ ৯৫৫২৩৮১

☎ ০১৭১৬ ২০৬৫৫৭